

আল-হাক্কাহ | Al-Haqqa | الْحَقَّةُ

আয়াতঃ ৬৯ : ৪৪

আরবি মূল আয়াত:

وَلَوْ تَقَوَّلَ عَلَيْنَا بَعْضَ الْأَقَاوِيلِ ﴿٤٤﴾

অনুবাদসমূহ:

যদি সে আমার নামে কোন মিথ্যা রচনা করত, — আল-বায়ান

নবী যদি কোন কথা নিজে রচনা করে আমার নামে চালিয়ে দিত, — তাইসিরুল

সে যদি আমার নামে কিছু রচনা করে চালাতে চেষ্টা করত — মুজিবুর রহমান

And if Muhammad had made up about Us some [false] sayings, — Sahih International

৪৪. তিনি যদি আমাদের নামে কোন কথা রচনা করে চালাতে চেষ্টা করতেন,

-

তাকসীরে জাকারিয়া

(৪৪) সে যদি আমার নামে কিছু রচনা করে চালাতে চেষ্টা করত।[1]

[1] অর্থাৎ, যদি নিজের তরফ থেকে বানিয়ে আমার প্রতি সম্বন্ধ করে দিত অথবা এতে কম-বেশী করত, তাহলে আমি সত্বর তাকে পাকড়াও করতাম এবং তাকে আমি ঢিল দিতাম না। যেমন, পরের আয়াতে সে কথা বলা হয়েছে।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5367>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন